তারিখ ... 29 FEB 2016 ...
পৃষ্ঠা ... ৬ ... কলাম ... ৪ ......

আমাদের সময়

# চবিতে সাংবাদিকসহ দুই শিক্ষার্থীকে পেটাল ছাত্রলীগ

চট্টগ্রাম ব্যুরো •

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে (চবি) এক সাংবাদিকসহ দুই শিক্ষার্থীকে পেটাল ছাত্রলীগ কর্মীরা। গতকাল দুপুরে বিশ্ববিদ্যালয়ের শহীদ মিনার চত্বরে এ ঘটনা ঘটে।

প্রত্যক্ষদর্শী সূত্রে জানা যায়, গতকাল বেলা সাড়ে ১১টায় পরীক্ষার ফি জমা দেওয়ার জন্য চবি ক্যাম্পাসের অগ্রণী ব্যাংককে যান মার্কেটিং বিভাগের ২০১২-১৩ শিক্ষাবর্ষের শিক্ষার্থী সাদ্দাম হোসেন। প্রচণ্ড ভিড় থাকায় ক্যাশ কাউন্টারের সামনে আসতে প্রায় দেড় ঘণ্টা লেগে যায়। দুপুর ১টার দিকে টাকা জমা দিতে গেলে তাকে বাধা দেন মনোবিজ্ঞান বিভাগের ২০১২-১৩ শিক্ষাবর্ষের শিক্ষার্থী রনি ও সুরোজ। তারা দুজনই এরপর পৃষ্ঠা ৯ কলাম ১

## চবিতে সাংবাদিকসহ দুই শিক্ষার্থীকে

(৩ এর পৃষ্ঠার পর) সম্প্রতি স্থগিত চবি ছাত্রলীগের সভাপতি মোহাম্মদ আলমগীর টিপুর অনুসারী ও বগিভিত্তিক সংগঠন সিক্সটি নাইনের কর্মী। লাইনে না দাঁড়িয়ে রনি ও সুরোজ টাকা জমা দিতে গেলে এর প্রতিবাদ জানান সাদ্দাম হোসেন। এ সময় তার পক্ষ নিয়ে কথা বলেন অনেকক্ষণ ধরে লাইনে দাঁড়িয়ে থাকা শিক্ষার্থীরা। এতে ক্ষুব্ধ হয়ে সাদ্দাম হোসেনকে মারধর করে রনি ও সুরোজ। খবর পেয়ে সাদ্দামকে বাঁচাতে এগিয়ে আসেন দৈনিক সকালের খবরের বিশ্ববিদ্যালয় প্রতিনিধি ও লোকপ্রশাসন বিভাগের ২০১৩-১৪ শিক্ষাবর্ষের শিক্ষার্থী মিজানুর রহমান। কথা কাটাকাটির একপর্যায়ে তাকেও মারধর করে সিক্সটি নাইনের কর্মীরা।

চবি প্রক্টর আলী আজগর চৌধুরী বলেন, সাংবাদিক মারধরের একটা অভিযোগ আমি পেয়েছি। দোষীদের খুঁজে বের করে দ্রুত বিচারের ব্যবস্থা নিচ্ছি।